দৈনিক সংবাদ

049

তারিখ 21 MAR 1988
পৃষ্ঠা 1 কলাম 4

# চট্টগ্রাম মেডিক্যাল কলেজ বন্ধ ঘোষণা

(নিজস্ব বার্তা পরিবেশক)

চট্টগ্রাম, ২০শে মার্চ।-চট্টগ্রাম মেডিক্যাল কলেজ অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করা হয়েছে। কর্তৃপক্ষ আজ বিকেল ৫টার মধ্যে ছাত্রদের ছাত্রাবাস ত্যাগ করার নির্দেশ দিয়েছেন। তবে চূড়ান্ত বর্ষের ছাত্রদের হলে

(শেষ পৃ: ৬-এর ক: দ্র:)

## চট্টগ্রাম মেডিক্যাল কলেজ

(১ম পাতার পর)

থাকার অনুমতি দেয়া হয়েছে। গত দু'দিন ধরে বিরাজমান পরিস্থিতির কারণে কর্তৃপক্ষ এই সিদ্ধান্ত নিয়েছেন।

পুলিশ জানায় গতকাল রাতে কলেজ ছাত্রাবাসে ক্রিকেট খেলাকে কেন্দ্র করে দু'দল ছাত্রের মধ্যে সংঘর্ষ এবং ধাওয়া ও পাল্টা ধাওয়া হয়। এক পর্যায়ে ছাত্রাবাসের কয়েকটি কক্ষ ভাংচুর ও অগ্নিসংযোগ করা হয় এবং কয়েক রাউণ্ড গুলী ও করা হয়। আজ সকালে কলেজের অধ্যক্ষ হল পরিদর্শনের পর এই সিদ্ধান্ত নেন।